গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়
তালা সরকারি কলেজ
তালা, সাতক্ষীরা।

বিজ্ঞপ্তি

তারিখ ঃ ১০/১১/২০২৬

জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর বাংলাদেশ এর স্মারক নং ১৮(০৫)জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৪/২০১৪/২০২৪/২০২৬/৫৬০২ তারিখ ০১/১১/২০২৬ পত্র মোতাবেক তালা সরকারি কলেজের সম্মান বাংলা ও দর্শন সম্মান ৪র্থ বর্ষ নিয়মিত (২০২১-২২) এর শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, তাদের ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ আগামী ১০/১১/২০২৬ হতে ২২/১১/২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন হবে। নিয়মিত শিক্ষার্থী- ২০২১-২০২২ এবং ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ এবং ২০২০-২১ সালের নিবন্ধিত যে সকল শিক্ষার্থী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুষ্ঠিত পরীক্ষায় অনুপস্থিত ছিল, তারা ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় ঐ সলক কোর্সে **অনিয়মিত পরীক্ষার্থী** হিসাবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের মধ্যে এক বা একাধিক কোর্সে যারা F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশ গ্রহণের জন্য সর্বসাকুল্যে ৫০০০/- টাকা বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবে। যে সকল শিক্ষার্থী বিভাগ আয়োজিত নির্বাচনীয় ও ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারাই ফরম পূরণের যোগ্য বলে বিবেচিত হবে। পরীক্ষার ফিস নিম্নরূপ:

বাংলা ও দর্শন বিভাগ

নিয়মিত ও অনিয়মিত	টাকা	এক বা দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের ফিস
১। প্রতিপূর্ণপত্র ৩০০/- হিসেবে ৯ পত্র (বিশ্ববিদ্যালয়ে জমা হবে)	২৭০০.০০	অন-লাইন ফরমে উল্লেখিত টাকার সাথে ১০০০/- অতিরিক্তি জমা প্রদান করতে হবে
২। মৌখিক পরীক্ষার ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে)	৩২৫.০০	
৩। ইনকোর্স ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে)	১৫০.০০	
৪। সাময়িক সনদপত্র (PVC) ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) [অনিয়মিত পরীক্ষার্থী যারা পূর্বে ফরম পুরন করেছে তাদেরকে PVC ফি প্রদান করতে হবে না]	৫০০.০০	
৫। নম্বরপত্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) [অনিয়মিত পরীক্ষার্থী যারা পূর্বে ফরম পুরন করেছে তাদেরকে PVC ফি প্রদান করতে হবে না]	৫০০.০০	
৬। কেন্দ্র ফি	৪৫০.০০	
৭। মাস্টাররোল কর্মচারী কল্যাণ তহবিল ফি	৭০০.০০	
৮। ব্যবস্থাপনা ফিস	৫০.০০	
৯। বিশেষ অধিভুক্তি ফিস	১০০.০০	
সর্বমোট =	৫৪৭৫.০০	

কথায় : পাঁচ হাজার চারশত পঁচাত্তর টাকা মাত্র।

জ্ঞাতব্য :

১। ফরম পূরণের যাবতীয় কাজ অন-লাইনে সম্পন্ন হবে।
২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ওয়েব সাইট থেকে পরীক্ষার্থীকে ফরম উত্তোলন করতে হবে।
৩। বিভাগের পাওনা বিভাগে প্রদান করতে হবে।
৪। বিস্তারিত তথ্যের জন্য বিভাগে যোগাযোগ করতে হবে।

১১/১১/২০২৬

প্রফেসর আশুতোষ সরকার
আইডি নং-০১২০০১
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
তালা সরকারি কলেজ
তালা, সাতক্ষীরা।